মোরেলগঞ্জে ৬ জুয়াড়ি আটক, সরঞ্জাম উদ্ধার

বাগেরহাটের মোরেলগঞ্জে জুয়ার আসরে হানা দিয়ে ৬ জুয়াড়িকে আটক করেছে পুলিশ। শুক্রবার দিবাগত গভির রাতে নিশানবাড়িয়া ইউনিয়নের আমরবুনিয়া গ্রামের আলেপ খার বাড়িতে অভিযান চালিয়ে পুলিশ এদেরকে আটক করে। পুলিশ এ সময় জুয়ার আসর থেকে জুয়া খেলার সরঞ্জাম ও নগদ টাকা জব্দ করা হয়। আটককৃতরা হলেন, মালেক খান(৪০), মনিরুল ইসলাম(৪৫), সেলিম খান(৪৫),ইদ্রিস হাওলাদার(৩৫),সেলিম শেখ(৫৫) ও টুকু শেখ(৪০)। শরিবার দুপুরে তাদের বাগেরহাট আদালতে পাঠানো হয়েছে।

মোরেলগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কেএম আজিজুল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৬ জুয়াড়িকে আটক করা হয়েছে। মামলা দিয়ে তাদেও আদালতে প্রেরণ করা হয়েছে।